# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট # ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

স্মারক নং-১৪.৩২.০০০০.৮০০.৩৬.০৭২.২২.১৯২৮

তারিখঃ ১৭ অগ্রহায়ণ, ১৪৩১বঃ
০২ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ ক্যাশ সার্ভার স্থাপন সংক্রান্ত নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, IIG, NIX, মোবাইল অপারেটর ও ন্যাশনওয়াইড আইএসপি অপারেটর প্রান্তে ক্যাশ সার্ভার স্থাপন ও ব্যবহার সংক্রান্ত ইতোপূর্বে কমিশন হতে জারিকৃত নির্দেশনা (নং-১৩.৩২.০০০০.০০৮.৩৬.০৬১.১৭.৩৮, তারিখঃ ০১-০২-২০২১) টি বাতিল করা হলো। কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী সকল IIG, NIX, মোবাইল অপারেটর ও আইএসপি অপারেটর সমূহ নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ পূর্বক নিজ নিজ নেটওয়ার্কে Cache Server স্থাপন করতে পারবেঃ

ক) Cache Server স্থাপনের পূর্বে অপারেটর সমূহ কর্তৃক নিম্নোক্ত কাগজপত্র ও তথ্যাদিসহ কমিশনকে অবহিত করতে হবে-

(অ) Cache Server প্রদানকারী ও সরবরাহকারী সংস্থার সাথে সম্পাদিত চুক্তিপত্র;
(আ) Cache Server এর সংখ্যা, ব্র্যান্ড, মডেল নম্বর ও ক্যাপাসিটি;
(ই) Cache Server স্থাপনের ঠিকানা (অক্ষাংশ ও দ্রাঘিমাংশসহ);
(ঈ) Cache Server প্রদানকারী প্রতিষ্ঠানের সম্মতি/ অনুমোদন সংক্রান্ত ই-মেইলের কপি।

খ) Cache Server সরবরাহকারী/ আমদানিকারক প্রতিষ্ঠান কমিশন হতে আমদানির অনাপত্তিপত্র গ্রহণ পূর্বক আমদানি করে সংশ্লিষ্ট ব্যবহারকারী প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন মাসিক ভিত্তিতে কমিশনে দাখিল করতে হবে।

গ) অপারেটর সমূহ কর্তৃক Cache Server স্থাপনের পর কমিশনকে সংশ্লিষ্ট IP Address ও ASN এর তথ্য সহ অবহিত করতে হবে এবং Data Information System (DIS) এ সংশ্লিষ্ট তথ্যাদি দাখিল করতে হবে।

ঘ) Cache Server স্থানান্তর, প্রতিস্থাপন ও আপগ্রেডেশনের পূর্বে কমিশনকে অবহিত করতে হবে।

ঙ) Cache Server এর মনিটরিং লিংক কমিশনকে সরবরাহ করতে হবে।

চ) উক্ত নির্দেশনা সংক্রান্ত বিষয়ে যে কোন সিদ্ধান্ত, আদেশ প্রদান, পরিবর্তন এবং সংশোধনের ক্ষমতা অত্র কমিশন সংরক্ষণ করে।

ছ) সংশ্লিষ্ট লাইসেন্স ও গাইডলাইনের শর্তাবলী প্রযোজ্য হবে।

০২। উল্লেখিত নির্দেশনা সমূহ সংশ্লিষ্ট সকল অপারেটরের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো। এই নির্দেশনাটি পত্র জারীর তারিখ হতে কার্যকর হবে।

02/12/2024

এস. এম. গোলাম সরোয়ার
উপ-পরিচালক
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ
বিটিআরসি
sorwar@btrc.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, সকল মোবাইল অপারেটর।
২। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক/ প্রোপ্রাইটর, সকল আইএসপি অপারেটর।
৩। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, সকল IIG অপারেটর।
৪। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, সকল NIX অপারেটর।

স্মারক নং-১৪.৩২.০০০০.৮০০.৩৬.০৭২.২২.১৯২৮

তারিখঃ ১৭ অগ্রহায়ণ, ১৪৩১বঃ
০২ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।
২। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

02/12/2024

এস. এম. গোলাম সরোয়ার
উপ-পরিচালক